গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ডেমোগ্রাফী অ্যান্ড হেলথ উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।

নং- ৫২.০১.০০০০.৫০১.২৩.৭৪৫.২০-৩৭৩ তারিখ: ০৪-০৮-২০২০খ্রি.

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ পালন উপলক্ষ্যে আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটির প্রথম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৪ আগস্ট, ২০২০ সকাল ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | পরিচালকের অফিস কক্ষ, ন্যাশনাল একাউন্টিং উইং(মূল্য ও মজুরি), বিবিএস, ঢাকা (ব্লক-১)। |
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং(মূল্য ও মজুরি), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| আলোচ্য বিষয় | : | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোকদিবস-২০২০ পালন উপলক্ষ্যে আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটির কার্যক্রম বাস্তবায়ন। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'(৫জন সদস্য স্বশরীরে ও ২জন ভার্চুয়ালি উপস্থিত ছিলেন)। |

০২। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন পরিসংখ্যান ও তথ্যব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোকদিবস পালন করা হবে। অতঃপর তিনি কমিটির সদস্যসচিব জনাব ইফতেখাইরুল করিম-কে আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের অনুরোধ করেন। সদস্যসচিব বলেন, গত ৩০-০৭-২০২০ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিদ্ধান্ত মোতাবেক এ উপকমিটিকে অনুষ্ঠানে আলোচনা, দোয়া ও আপ্যায়ন সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন ও অন্যান্য কার্যক্রম সম্পাদনের নিমিত্ত কার্যপরিধি নির্ধারণ করে দেয়া হয়েছে। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী উপস্থিত সকলের মতামত প্রকাশের আহ্বান জানান।

০৩। আগামী ১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে শোকদিবস পালন অনুষ্ঠানে আলোচনা, দোয়া ও আপ্যায়ন সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য বিস্তারিত আলোচনা হয়। কমিটির সম্মানিত সদস্যগণের উপস্থিতিতে আলোচনা, দোয়া ও আপ্যায়ন কার্যাদি পরিকল্পনা ও বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) এ অনুষ্ঠানকে সফল করার লক্ষ্যে বিবিএস-এর নিম্নলিখিত কর্মকর্তাগণকে উক্ত উপকমিটিতে সর্বসম্মতিক্রমে কো-অপ্ট করা হয়;
  i) জনাব এস এম কামরুল ইসলাম, যুগ্মপরিচালক, এগ্রিকালচার উইং, বিবিএস,
  ii) জনাব মোহাম্মদ সেলিম সরকার, উপপরিচালক, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস,
  iii) জনাব মোহাম্মদ আবদুল্লাহ্, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, এফএ অ্যান্ড এমআইএস, বিবিএস,
  iv) জনাব মো. শাহজাহান, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস,
  v) জনাব মো. মঞ্জুর কাদীর, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস,
  vi) সভাপতি/সাধারণ সম্পাদক, মসজিদ কমিটি, বিবিএস,

খ) ১৫ আগস্ট, ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষ্যে অতিথিগণকে আমন্ত্রণ জানানোর জন্য ১৫০টি

কার্ড তৈরী করতে হবে। কার্ডটি বিবিএস-এর প্রকাশনা শাখা হতে ছাপানো হবে এবং যথাসময়ে অতিথিগণের নিকট পৌঁছানো হবে;

গ) অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান ও অন্যান্য অতিথিগণকে কার্ডের মাধ্যমে আমন্ত্রণ জানাবো। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তা এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিচালক ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাগণকে উপস্থিত থাকবেন মর্মে আগেই জানা গিয়েছে;

ঘ) আলোচনা সভায় ভার্চুয়ালি অংশগ্রহণের জন্য বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহে আমন্ত্রণ জানানো হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ স্থানীয় প্রশাসনের কর্মসূচির সাথে সংগতি সাধনপূর্বক অংশগ্রহণ করতে পারবেন;

ঙ) আলোচনার পর পরই দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য অধিদপ্তরের বিধি-নিষেধ প্রতিপালন করে সামাজিক দূরত্ব বজায় রেখে এ অনুষ্ঠানে আপ্যায়নের ব্যবস্থা করা হবে। বিবিএস মসজিদের পেশ ইমাম উক্ত দোয়া পরিচালনা করবেন এবং মসজিদ কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক তাঁকে সহযোগিতা করবেন;

চ) এ উপকমিটির কার্য সম্পাদনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য প্রাক্কলিত বাজেট পরবর্তী সভায় প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট পেশ করা হবে ;

ছ) দাওয়াত কার্ড প্রস্তুতকরণ ও বিলিকরণ, মঞ্চের ব্যাকগ্রাউন্ড ব্যানার, আমন্ত্রিত অতিথিদের আপ্যায়ন ইত্যাদি বিষয়ে সদয় নির্দেশনার জন্য বিবিএস-এর মহাপরিচালক মহোদয়ের সাথে সভা শেষে কমিটি দেখা করে এ বিষয়গুলোতে মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশনা করেন। দ্রুত কার্য সম্পাদনের সুবিধার্থে উক্ত নির্দেশনা মোতাবেক করণীয় কাজগুলো পরবর্তী সভায় কমিটির সদস্যদের মধ্যে ভাগ করে দেয়া হবে;

জ) কমিটির ২য় সভা আগামী ০৬-০৮-২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় কমিটির আহ্বায়ক এর সভাপতিত্বে বিবিএস এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবদুল কাদির মিয়া
পরিচালক
এবং
আহ্বায়ক
আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটি
জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

২০ শ্রাবণ ১৪২৭

নং- ৫২.০১.০০০০.৫০১.২৩.৭৪৫.২০-৩৭৩ তারিখ: ০৪ আগস্ট, ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। জনাব মুহাম্মদ সালেহউদ্দীন, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং আহ্বায়ক, অর্থ উপকমিটি, জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

২। ড. দিপংকর, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং আহ্বায়ক, সাজসজ্জা উপকমিটি, জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

৩। জনাব মো. মাসুদ আলম, পরিচালক, বিবিএস এবং সদস্য, আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটি, জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। জনাব মো. রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং সদস্য, আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটি, জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

৬। জনাব এ কে এম আশরাফুল হক, যুগ্মপরিচালক, বিবিএস এবং সদস্য, আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটি, জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

৭। মু. ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং সদস্য, আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটি, জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন।

৮। সংশ্লিষ্ট কর্মকর্তা, জনাব ................................................................, বিবিএস।

৯। স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। অফিস কপি/গার্ডনথি।

04/08/2020

ইফতেখাইরুল করিম
উপপরিচালক
ও
সদস্য সচিব
আলোচনা, দোয়া ও আপ্যায়ন উপকমিটি
জাতীয় শোকদিবস-২০২০ উদযাপন